# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৯৭

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১০৬. প্রতিটি লোমকূপে নাপাকী আছে।

بَاب تَحْتَ كُلِّ شَعَرَةٍ جَنَابَةٌ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا الْحَارِثُ بْنُ وَجِيهٍ، حَدَّثَنَا مَالِكُ بْنُ دِينَارٍ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِنَّ تَحْتَ كُلِّ شَعَرَةٍ جَنَابَةً فَاغْسِلُوا الشَّعَرَ وَأَنْقُوا الْبَشَرَةَ " .

বাংলা

১/৫৯৭। আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় প্রতিটি লোমকূপে নাপাকী আছে। অতএব তোমরা লোমকূপ উত্তমরূপে ধৌত করো এবং দেহের চামড়া পরিষ্কার করো।

## English

It was narrated that Abu Hurairah said:
"The Messenger of Allah said: 'Under every hair there is the state of sexual impurity, so wash the hair and cleanse the skin.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ১০৬, আবূ দাঊদ ১৪৮।

তাহক্বীক্ব আলবানী: মুনকার। তাখরীজ আলবানী: আবূ দাঊদ ২৪৮ যঈফ, জামি সগীর ১৮৪৭ যঈফ, তিরমিযী ১০৬ যঈফ, মিশকাত ৪৪৩ যঈফ, মিশকাত ৪৪৩, যঈফ, আবূ দাউদ ৩৭। উক্ত হাদিসের রাবী হারিস বিন ওয়াজিহ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার পরিচয় সম্পর্কে আমার জানা নেই। ইয়াহইয়া বিন মাঈন বলেন, কোন সমস্যা নেই। ইমাম বুখারী বলেন, তার হাদিস মুনকার রয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী তাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 	 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন